7

তারিখ ... 07 JUN 1997 ..
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ......

দৈনিক জনকণ্ঠ

# ৩শ' মাধ্যমিক স্কুলে ডবল শিফট চালু হচ্ছে

শরিফুজ্জামান পিন্টু

দেশের তিন শ' সরকারী ও বেসরকারী মাধ্যমিক বিদ্যালয়ে ডবল শিফট চালু হবে। এর ফলে প্রায় পৌনে এক লাখ ছাত্র-ছাত্রী মাধ্যমিক পর্যায়ে শিক্ষার সুযোগ পাবে। কর্মসংস্থান হবে প্রায় চার হাজার শিক্ষিত যুবকের। মাধ্যমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় এ প্রকল্পটি হাতে নিয়েছে। এটি বাস্তবায়নে ব্যয় হবে ৫৬ কোটি ৩৩ লাখ টাকা। খবর সংশ্লিষ্ট সূত্রের।

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) সপ্তদশ সভায় সম্প্রতি প্রকল্পটি অনুমোদন লাভ করেছে। প্রধানমন্ত্রী ও একনেক চেয়ারপার্সন সভায় সভাপতিত্ব করেন।

সূত্র জানায়, ডবল শিফট চালুর জন্য স্কুল নির্বাচনের প্রক্রিয়া চলছে। যেসব বিদ্যালয়ে ছাত্রসংখ্যা প্রয়োজনের

(১৫ পৃষ্ঠা ৫ কঃ দেখুন)

## ৩শ' মাধ্যমিক

(প্রথম পাতার পর)

তুলনায় বেশি এবং বিদ্যমান অবকাঠামো উর্ধমূখী সম্প্রসারণ, মেরামত ও সংস্কারের সুযোগ আছে সেগুলোকে ডবল শিফট চালুর জন্য অগ্রাধিকার দেয়া হবে। এসব বিদ্যালয়ের প্রতিটিতে দু'শ' বর্গমিটার আয়তনের তিনটি শ্রেণীকক্ষ নির্মাণ করা হবে। অবকাঠামোর জন্য নির্বাচিত প্রত্যেক বিদ্যালয়ে বরাদ্দ থাকবে ১৩ লাখ ৩৩ হাজার টাকা।

সূত্র জানায়, যেসব বিদ্যালয়ে ডবল শিফট চালু হবে সেখানে বিদ্যমান জনবল কাঠামোর পাশাপাশি ১৪ জন শিক্ষক-কর্মচারী নিয়োগের প্রাথমিক প্রস্তাব গৃহীত হয়েছে। এদের মধ্যে থাকবে একজন সহকারী প্রধান শিক্ষক, আটজন সহকারী শিক্ষক, একজন একাউনট্যান্ট, একজন অফিস সহকারী ও তিনজন পিয়ন। তবে শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা বিভাগ এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় পর্যালোচনার মাধ্যমে এ জনবল কাঠামো চূড়ান্ত করবে।

প্রকল্পভুক্ত সব ক'টি বিদ্যালয়ে চালু করা হবে কম্পিউটার কোর্স। এ লক্ষ্যে প্রত্যেক বিদ্যালয়ের একজন বিজ্ঞান শিক্ষককে বগুড়ার নট্রামসে প্রশিক্ষণ দেয়া হবে। এ ছাড়া প্রত্যেক প্রতিষ্ঠানে একটি কম্পিউটার, একটি ফটোকপিয়ার, একটি মাইক্রোফোন সেট, ষাট জোড়া হাইলো বেঞ্চ, তিনটি ক্লাসরুম টেবিল, তিনটি চেয়ার, একটি নোটিস বোর্ড, অর্ধ লাখ টাকার বইপত্র এবং অর্ধ লাখ টাকার যন্ত্রপাতি ও রাসয়নিক দ্রব্য সরবরাহ করা হবে।